গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর
১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
ঃ-আদেশ-ঃ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের ০৫-০৯-২০১১ খ্রিঃ তারিখের আঃ/রেজিঃ-৬/নিঃপ/পদায়ন-০১/২০১০-৫৭২ নং স্মারকে স্থাবর সম্পত্তি ক্রয়-বিক্রয়, উন্নয়ন, ঋণ গ্রহণের বিপরীতে বন্ধক, দান ইত্যাদি ক্ষেত্রে পাওয়ার অব এ্যাটর্নী দলিল সম্পাদনের ক্ষেত্রে দাতা ও গ্রহীতার ছবি সংযোজনের নির্দেশ প্রদান করা হইয়াছে। তৎপ্রেক্ষিতে উক্ত সরকারী নির্দেশ মোতাবেক এখন হইতে স্থাবর সম্পত্তি ক্রয়-বিক্রয়, উন্নয়ন, ঋণ গ্রহণের বিপরীতে বন্ধক, দান ইত্যাদি ক্ষেত্রে পাওয়ার অব এ্যাটর্নী দলিল রেজিস্ট্রীকালে দাতা-গ্রীহতার ছবি সংযোজন করিতে হইবে।

এই প্রসঙ্গে নিবন্ধন পরিদপ্তর কর্তৃক জারীকৃত এস.আর.ও.নং ২৫-আইন/২০০৯ অনুসরণীয়

স্বাঃ অস্পষ্ট
(মুন্সী নজরুল ইসলাম)
মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতি দায়িত্ব)
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-নিপ/রেজিঃশাঃ-৫ (রাঃবিঃ)/১৪২৬০ (৭১) তারিখঃ ০৭-০৯-২০১১ ইং।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

১। পরিদর্শক, ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/রাজশাহী বিভাগ/সিলেট বিভাগ/বরিশাল বিভাগ/খুলনা বিভাগ, নিবন্ধন পরিদপ্তর, ঢাকা।

২। জেলা রেজিস্ট্রার, নারায়ণগঞ্জ (সকল)। তাহার অধীনস্থ সকল রেজিস্ট্রী কর্মকর্তাকে বিষয়টি জরুরী ভিত্তিতে অবহিত কারণসহ আদেশ যাযথভাবে প্রতিপালন করিবার জন্য নির্দেশ প্রদান করা হইল।

এতদসঙ্গে সরকারী আদেশের কপি সংযুক্ত করা হইল।

স্বাঃ অস্পষ্ট
(মুন্সী নজরুল ইসলাম)
মহা-পরিদর্শক, নিবন্ধন (চলতি দায়িত্ব)
বাংলাদেশ, ঢাকা।